



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম-৪০০০

মহিলা ও পুরুষ ক্যাডেট ভর্তি



মেরিন ফিশারিজ একাডেমির ৩৭তম ব্যাচে (২০১৫-১৬ শিক্ষাবর্ষ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে তিন বছর মেয়াদী বিএসসি (পাস) নটিক্যাল, বিএসসি (পাস) মেরিন ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি (পাস) মেরিন ফিশারিজ কোর্সের নির্বাচনী লিখিত পরীক্ষা আগামী ০৯ অক্টোবর ২০১৫ ইং রোজ শুক্রবার সকাল ০৯০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। বর্ণিত কোর্সসমূহে ক্যাডেট ভর্তির জন্য বাংলাদেশের যোগ্য স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতাসমূহ থাকতে হবে :

ক) শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) :

নটিক্যাল এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগঃ

- ১। মাধ্যমিক (বিজ্ঞান) বা ও লেভেল (গণিত ও পদার্থবিদ্যাসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০।
- ২। উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা এ লেভেল (গণিত ও পদার্থবিদ্যাসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০।
- ৩। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় অবশ্যই গণিত ('সি' গ্রেড) থাকতে হবে।

মেরিন ফিশারিজ বিভাগ :

- ১। মাধ্যমিক (বিজ্ঞান) বা ও লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০।
- ২। উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা এ লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০।
- ৩। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় অবশ্যই জীববিদ্যা ('সি' গ্রেড) থাকতে হবে।

খ) বয়স : ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সর্বোচ্চ ২১ বছর।

গ) শারীরিক মান (ন্যূনতম) : উত্তম শারীরিক গঠন ও সুস্বাস্থ্য। সর্বনিম্ন উচ্চতা : ১৬২.৫ সে.মি (পুরুষ) এবং ১৫৫ সে.মি (মহিলা)। ওজন : উচ্চতা অনুযায়ী হবে।

ঘ) দৃষ্টিশক্তি : নটিক্যাল ও মেরিন ফিশারিজ বিভাগঃ ৬/৬, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগঃ ৬/১২, কালার ভিশনঃ স্বাভাবিক (মহিলা ক্যাডেটদের জন্য শিথিলযোগ্য)।

ঙ) সাতার : সাতার পরীক্ষায় উত্তীর্ণ।

চ) সাধারণঃ বাংলাদেশের নাগরিক। নটিক্যাল ও অবিবাহিত পুরুষ এবং মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারিজ বিভাগঃ অবিবাহিত মহিলা ও পুরুষ।

ছ) আবেদন ফি : ৬৫০.০০ টাকা (আবেদন ফি ভ্যাটসহ দেওয়া হয়েছে এবং SMS করে আবেদন করে ফেলার পর তা প্রত্যাহার করা যাবে না)।

মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়াঃ

১) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে MFA লিখে, স্পেস দিয়ে শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে (SYL/BAR/ CHI/COM / DHA/ DIN/JES/MAD/RAJ/TEC/VOC/GCE - এ লেভেলের ক্ষেত্রে), স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে যে কেন্দ্রে পরীক্ষা দিতে অগ্রহী তার প্রথম তিনটি অক্ষর দিয়ে (০২টি কেন্দ্র থাকবে- DHA- নটরডেম কলেজ, মতিঝিল, ঢাকা এবং CHI- সরকারী সিটি কলেজ, আইস ফ্যাক্টরী রোড, চট্টগ্রাম) 16222 নম্বরে SMS করতে হবে। উদাহরণঃ

MFA<space>DHA (Board Name)<space>123456 (HSC Roll No)<space>2015(Passed Year)<space>DHA(Center)

২) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে MFA লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য তার নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর) একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে। সম্মতি জানিয়ে SMS পাঠালে আবেদনকারীর মোবাইল ফোন থেকে আবেদন ফি কেটে নেয়া হবে (পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে), অন্যথায় কোন ফি কাটা হবে না। আবেদন ফি কেটে নিয়ে ফিরতি SMS এর মাধ্যমে লিখিত পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে।

উদাহরণ : MFA<space>YES<space>654321(PIN)<space>01xxxxxxxxxx

আবেদনের তারিখ : ১৬ আগস্ট ২০১৫ইং হতে ৩০ সেপ্টেম্বর ২০১৫ ইং

১। ভর্তি পরীক্ষার নিয়মাবলী :

ইংরেজী ও সাধারণ জ্ঞান, পদার্থবিদ্যা এবং রসায়ন এই তিনটি বিষয়ের প্রতিটিতে ৮০ নম্বর করে মোট ২৪০ নম্বরে ২ ঘণ্টা ৩০ মিনিট সময়ের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার ৬০% প্রশ্নপত্র MCQ এবং ৪০% বর্ণনামূলক হবে। উত্তীর্ণ প্রার্থীদের পর্যায়ক্রমে সাতার, স্বাস্থ্য, চক্ষু ও বিশেষ রং দর্শন পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। পরবর্তীতে চূড়ান্ত ফলাফল অনুযায়ী মেধানুক্রম, প্রার্থীর উপযুক্ততা ও পছন্দের ভিত্তিতে তার বিভাগ নির্বাচন করা হবে।

বিশেষ দ্রষ্টব্য :

১) দিনের বা রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে।

২) যে কোন বিষয়ে অনুসন্ধানের জন্য মোবাইল নম্বরটিতে ০১৫৫৭৬৩৬৮৫৭ যোগাযোগ করা যাবে (বন্ধের দিন ব্যতীত সকাল ৯টা থেকে বিকাল ০৪ঃ৩০ ঘটিকা পর্যন্ত)

৩) লিখিত পরীক্ষার সময় প্রার্থীর দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবির পিছনে ভর্তি পরীক্ষার রোল নম্বরটি লিখে এবং HSC পরীক্ষার প্রবেশ পত্র/এ লেভেলের Statement of Entry এর মূলকপি সাথে নিয়ে আসতে হবে।

৪) একাডেমির ওয়েব সাইট এর ঠিকানাঃ <http://www.mfacademy.gov.bd/>

অধ্যক্ষ

মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম